৩৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 23 JAN 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৬

# আলিম ফাজিল পরীক্ষার ফল

## মেধা তালিকা

ঢাকা মাদ্রাসা-ই-আলীয়ার নূর মোহাম্মদ মাসুম মোট ৮ শ' ১৬ নম্বর পেয়ে আলীম পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে। চাঁদপুর ফারাজি কান্দি ওইমিয়া আলিয়া মাদ্রাসার মোহাম্মদ সফিউল্লাহ (রোল নম্বর-৭৩১ বিজ্ঞান) দ্বিতীয় এবং ঢাকা তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার মোহাম্মদ আরিফুল কবির চৌধুরী (রোল নম্বর ৪০৩৭, সাধারণ) তৃতীয় স্থান অধিকার করেছে। সফিউল্লা এবং কবির যথাক্রমে মোট ৮ শ' ৬৭ এবং ৮ শ' ৫৪ নম্বর পেয়েছে। ভোলা বোরহানউদ্দিন আলিয়া মাদ্রাসার মোহাম্মদ মনিরুজ্জামান (রোল নম্বর ১১১৬৭ ) ফাজিল পরীক্ষায় মোট ৭শ' ৪৭ নম্বর পেয়ে প্রথম, বরগুনার করুনা মোকামিয়া আলিয়া মাদ্রাসার মোহাম্মদ মোস্তফা হোসেন ( রোল নম্বর-১১১৫৬৯) মোট ৭শ' ৪৪ নম্বর পেয়ে দ্বিতীয় এবং একই মাদ্রাসার মোহাম্মদ মনিরুজ্জামান (রোল নম্বর ১১৫৬৮) মোট ৭ শ' ৪১ নম্বর পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছে।

কামিল পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ঢাকার মাদ্রাসা-ই-আলিয়ার মোহাম্মদ আবু জাফর খান (রোল নম্বর ৮১৪১, আদব) মোট ৯শ' ৭ নম্বর পেয়ে প্রথম হয়েছেন। ঢাকা তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার মোহাম্মদ আবদুস সালাম (রোল নম্বর ১৯৬, হাদিস) এবং কুমিল্লা ধামতি ইসলামিক আলিয়া মাদ্রাসার মোহাম্মদ মাহাবুবুর রহমান উভয়ে দ্বিতীয় স্থান অধিকার করেছেন। এরা দু'জনই মোট ৮ শ' ৪৩ নম্বর পেয়েছেন। ঢাকা তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার মোহাম্মদ জহিরুল ইসলাম (রোল নম্বর ১৯৫, হাদিস) মোট ৮ শ' ৩৮ নম্বর পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছেন।